

AKASHVANI (AIR)

RNU : KOLKATA

Bengali Text Bulletin

Date: 03.04.24

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবর -

১) লোকসভা ভোটে পশ্চিমবঙ্গে জন্য নিযুক্ত বিশেষ সাধারণ পর্যবেক্ষক অলোক সিনহা আজ রাজ্যে আসছেন।

২) এবারের ভোটে কমিশন পশ্চিমবঙ্গের সমস্ত বুথে ওয়েবকাস্টিং-এর সিদ্ধান্ত নিয়েছে।

৩) লোকসভা ভোটের দ্বিতীয় দফায় দার্জিলিং, রায়গঞ্জ ও বালুরঘাট – এই কেন্দ্রের জন্য মনোনয়নপত্র দাখিলের সময়সীমা আগামীকাল শেষ হচ্ছে।

প্রথম দফার ভোটের জন্য প্রচার জমে উঠেছে।

৪) দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আজ থেকে আগামী তিনদিন তাপপ্রবাহের সতর্কতা জারি।

৫) আই পি এল ক্রিকেটে আজ কলকাতা নাইট রাইডার্স- দিল্লি ক্যাপিটালসের মুখোমুখি হবে।

ইডেনে ১৭-ই এপ্রিলের কেকে আর-এর ম্যাচ ১৭-ই এপ্রিলের পরিবর্তে হবে ১৬-ই এপ্রিল ।

○○

লোকসভা নির্বাচনে নজরদারির জন্য পশ্চিমবঙ্গ-সহ ছ'টি রাজ্যে বিশেষ পর্যবেক্ষক ও পুলিশ পর্যবেক্ষক নিয়োগ করেছে নির্বাচন কমিশন।

পশ্চিমবঙ্গের জন্য নিযুক্ত বিশেষ সাধারণ পর্যবেক্ষক আলোক
সিন্হা আজ রাজ্যে আসছেন। বিশেষ পুলিশ পর্যবেক্ষক অনিল কুমার শর্মা
আসবেন তারপরই। অবাধ ও শান্তিপূর্ণ নির্বাচন সুনিশ্চিত করাই হবে
তাঁদের মূল দায়িত্ব।

সকাল ১০-টা নাগাদ অলোক সিনহা দমদম বিমানবন্দরে অবতরণ করবেন। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব তাঁর সঙ্গে দেখা করবেন। তবে, আজ তাঁর বা অন্য কোনো আধিকারিকের সঙ্গে বিশেষ পর্যবেক্ষক বৈঠক কিনা, সে বিষয়ে চূড়ান্ত কিছু জানা যায়নি।

এদিকে, নির্বাচন কমিশন, কলকাতা পুলিশের দক্ষিণ-পশ্চিম ডিভিশনের ডেপুটি কমিশনার সৌম্য রায়কে সরিয়ে দিয়েছে। আজ বেলা ৩-টের মধ্যে তিনজন দক্ষ অফিসারের নাম কমিশনকে পাঠাতে হবে।

উল্লেখ্য গত বিধানসভা নির্বাচনেও সৌম্য রায়কে সরিয়ে দেওয়া হয়েছিল।

000000000000000000000000

আসন্ন লোকসভা ভোটে পশ্চিমবঙ্গের সমস্ত বুথে ওয়েব কাস্টিং করার সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন। এজন্য এ আই (AI) বা কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তি ব্যবহার করা হবে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব জানিয়েছেন।

উল্লেখ্য, রাজ্যে এবার ৮০ হাজার ৫৩০-টি ভোট কেন্দ্র রয়েছে। গত বিধানসভা নির্বাচনে ওয়েব কাস্টিং হয়েছিল ৫০ শতাংশের বেশী বৃথে।

এই নির্বাচনে আর্থিক দুর্নীতি ঠেকাতে নজরদারির জন্য আয়কর দপ্তর সহ কেন্দ্রীয় এজেন্সিগুলিকে নিয়ে একটি পোর্টাল তৈরি করা হয়েছে। প্রয়োজনে তার সাহায্য নেওয়া হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

নির্বাচন কমিশন , সংবাদ মাধ্যমের কর্তব্য সম্পর্কে এক নির্দেশিকা জারি করেছে। এতে বলা হয়েছে ভোট পর্ব শুরু থেকে শেষ হবার ৪৮ ঘন্টা পর্যন্ত সংবাদ মাধ্যমে ভোট সংক্রান্ত কোনো বিষয় যা ফলাফল কে প্রভাবিত করতে পারে তা প্রচার বা প্রকাশ করা যাবেনা। কমিশনের এই নির্দেশ লঙ্ঘন করা হলে তা শাস্তি যোগ্য অপরাধ হিসেবে গন্য হবে।। নির্দেশ লঙ্ঘনকারীদের বিরুদ্ধে ২বছরের জেল ও জরিমানা কিংবা উভয় ধরনেরই শাস্তির সংস্থান রয়েছে জন প্রতিনিধিত্ব আইনের 126 নম্বর ধারায়।

০০০০০০০০০০০০০০০০০০০০০

বেতারের বিজ্ঞাপনে তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় যেভাবে সরকারি কোষাগারের টাকা আবাস যোজনার সুবিধা ভোগীদের ব্যাংক একাউন্টএ দেওয়ার কথা বলছেন, তাতে নির্বাচনী আদর্শ আচরন বিধি লঙ্ঘিত হচ্ছে বলে সিপিআইএম অভিযোগ করেছে। দলের রাজ্য সম্পাদক মন্ডলীর সদস্য প্রাক্তন সাংসদ শমীক লাহিড়ী গতকাল এই অভিযোগ জানিয়ে মুখ্য নির্বাচনী আধিকারিক ডক্টর আরিজ আফতাবকে চিঠি দিয়েছেন।

ওই চিঠিতে ,রাজ্যে রেডিওয় বিভিন্ন চ্যানেলে তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে যে ধরনের বিজ্ঞাপন প্রচার করা হচ্ছে তাতে ভোটদাতারা প্রভাবিত হচ্ছেন বলে দাবি করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০

হুগলী লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী লকেট চট্টোপাধ্যায়ের বিরুদ্ধে দুষ্কৃতীদের প্রশয় দেবার অভিযোগ নিয়ে তৃণমূল কংগ্রেস নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাবকে এই মর্মে তৃণমূল কংগ্রেস বিধায়ক অসিত মজুমদার ই-মেইল করেছেন বলে কমিশন সূত্রের খবর।

অন্যদিকে, নদীয়ার ধুবুলিয়ায় কৃষ্ণনগর কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী মল্লয়া মৈত্রের সমর্থনে প্রচারে গিয়ে মুখ্যমন্ত্রী ওই কেন্দ্রের বিজেপি প্রার্থী সম্পর্কে যে মন্তব্য করেছেন, তার বিরুদ্ধে কমিশনের কাছে নালিশ জানানাবে বিজেপি। দলের উত্তর সাংগঠনিক জেলা সভাপতি অর্জুন বিশ্বাস জানিয়েছেন, রাজমাতাকে নিয়ে ব্যঙ্গ করা হয়েছে। রাজ পরিবার নিয়ে কটুক্তি করেছেন মুখ্যমন্ত্রী। এর বিরুদ্ধে কমিশনে যাচ্ছেন তাঁরা।

০০০০০০০০০০০০০০০০০০০০

লোকসভা নির্বাচনের প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত টোল প্লাজাগুলিতে বর্ধিত হারে টোল নেওয়া যাবে না বলে নির্বাচন কমিশন ভারতীয় মহাসড়ক কর্তৃপক্ষ NHAI কে নির্দেশ দিয়েছে। চৌঠা জুন ভোট গণনা শেষ না হওয়া পর্যন্ত টোল প্লাজাগুলিতে বর্তমান হারেই ট্যাক্স নিতে হবে।

উল্লেখ্য, আগে পয়লা এপ্রিল থেকে টোল প্লাজাগুলিতে পাঁচ শতাংশ পর্যন্ত টোল বৃদ্ধি করা হবে বলে NHAI জানিয়েছিল। বর্তমানে

পশ্চিমবঙ্গে জাতীয় সড়কে ২৮টি সহ দেশে মোট ৯৮২ টি টোল প্লাজা রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

লোকসভা নির্বাচনের দ্বিতীয় দফায় এ রাজ্যের দার্জিলিং, রায়গঞ্জ ও বালুরঘাট এই তিন কেন্দ্রের জন্য মনোনয়নপত্র জমা দেওয়ার সময় সীমা আগামীকাল শেষ হচ্ছে। শুক্রবার ৫ ই এপ্রিল মনোনয়নপত্র গুলি পরীক্ষা করে দেখা হবে। নাম প্রত্যাহারের শেষ দিন আগামী ৮ ই এপ্রিল। এই পর্যায়ে দার্জিলিং, রায়গঞ্জ এবং বালুরঘাট কেন্দ্রে ভোট নেওয়া হবে ২৬ শে এপ্রিল। ইতিমধ্যে দার্জিলিং জেলায় ৭ কোম্পানি, উত্তর দিনাজপুর জেলায় ৭ কোম্পানি এবং দক্ষিণ দিনাজপুর জেলায় ৪ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হয়েছে।

রায়গঞ্জ লোকসভা আসনের জন্য তৃণমূল কংগ্রেস প্রার্থী কৃষ্ণকল্যাণী গতকাল মনোনয়নপত্র পেশ করেন।

এদিকে, প্রথম দফায় কোচবিহার, আলিপুরদুয়ার, ও জলপাইগুড়ি এই তিন কেন্দ্রে আগামী ১৯-শে এপ্রিল ভোটগ্রহণ। ভোটের দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে প্রচার ও জমে উঠেছে। কোচবিহার এ ১৭, আলিপুরদুয়ার ৯, এবং জলপাইগুড়িতে ১১ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হয়েছে।

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী গতকাল জলপাইগুড়ির মেটেলিতে জনসংযোগ কর্মসূচীতে অংশ নেন। জলপাইগুড়িতে সাম্প্রতিক ঝড়বৃষ্টির প্রেক্ষিতে সেখানে ত্রাণের কোন সমস্যা নেই বলে তিনি স্পষ্ট জানিয়েছেন। এপ্রসঙ্গে বিরোধী বিজেপি-র সমালোচনা করে মমতা বলেন, তারা বিপর্যয় নিয়েও রাজনীতি করছে।

মুখ্যমন্ত্রী আগামীকাল চালসা থেকে তাঁর নির্বাচনী প্রচার শুরু করবেন।

এদিকে, তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় গতকাল কোচবিহার সাংগঠনিক জেলার নেতৃত্বের সঙ্গে এক বৈঠকে মিলিত হন। সেখানে তিনি সকলকে ঐক্যবদ্ধ হয়ে চলার পরামর্শ দিয়েছেন। এর আগে অভিষেক মদনমোহন মন্দিরেও পূজো দেন।

এদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বিজেপিকে আবারও বিপুল ভোটে জয়ী করার ডাক দিয়ে বলেছেন, তারা ক্ষমতায় এলে অন্তর্পূর্ণা ভান্ডারে ৩ হাজার টাকা করে দেওয়া হবে, রান্না গ্যাসের দামও কমিয়ে করা হবে সাড়ে চারশো টাকা। তিনি গতকাল দক্ষিণ ২৪ পরগনার ক্যানিং পশ্চিমে এক জনসভায় ভাষণ দিচ্ছিলেন।

ক্যানিং পূর্ব কেন্দ্রে তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতিরা বিজেপি-র নেতা কর্মীদের মারধোর করেছে, তার প্রতিবাদেই এই জনসভা।

এদিকে, বামফ্রন্টের নেতা-কর্মীরাও বিভিন্ন জনসভায় প্রচার চালাচ্ছেন। সি পি আই এম-এর নেতা সূজন চক্রবর্তী আজ সোদপুরে এক পদযাত্রায় সামিল হবেন।

দলের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম উত্তরবঙ্গে একাধিক সভায় যোগ দেবেন।

দক্ষিণ কলকাতার সিপিআইএম প্রার্থী সায়রা শাহ্ হালিমের গার্ডেনরিচ ও টালিগঞ্জ বিভিন্ন প্রচার কর্মসূচী রয়েছে।

অন্যদিকে, আই এস এফ নেতা নওশাদ সিদ্দিকি জনসভা করবেন দক্ষিণ ২৪ পরগনার ক্যানিং-এর পশ্চিম পাড়ায়।

০০০০০০০০০০০০০০০০০০০

আসন্ন লোকসভা নির্বাচনে তৃণমূল কংগ্রেস এবং বিজেপি বিরোধী শক্তিগুলি কে তারা এক করতে চাইছেন বলে প্রবীণ সি পি আই এম নেতা বিমান বসু মন্তব্য করেছেন। নদীয়া শান্তিপুরে এক জনসভায় তিনি গতকাল দৃঢ় প্রত্যয় ব্যক্ত করে বলেন, এক কাটটা করতে পারলেই দুই অপশক্তিকে পরাস্ত করা সম্ভব হবে। তৃণমূল কংগ্রেস ও বিজেপি কে তিনি একই মুদ্রার এপিঠ ওপিঠ হিসেবেও অভিহিত করেন।।

কংগ্রেসের সঙ্গে এ রাজ্যে জোট হচ্ছে কিনা সাংবাদিকদের এই প্রশ্নের উত্তরে বিমান বাবু বলেন, ৫ এপ্রিল এ ব্যাপারে চূড়ান্ত জানা যাবে। ভোটের আগে মানুষকে ভয় দেখানোর জন্যই সিএ এ এর নিয়ম কানুন চালু করা হয়েছে বলে অভিযোগ করেন বিমান বাবু।

০০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণবঙ্গের জেলাগুলিতে আজ থেকে তিনদিন তাপপ্রবাহের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। পশ্চিমের জেলাগুলিতে দিনের সর্বোচ্চ তাপমাত্রা স্বাভাবিকের চার থেকে ৫ ডিগ্রি পর্যন্ত উঠতে পারে। বাকি জেলাগুলিতে আগামী চার-পাঁচ দিন সর্বোচ্চ তাপমাত্রা স্বাভাবিকের দুই থেকে তিন ডিগ্রি উপরে থাকার সম্ভাবনা।

কলকাতায় দিনের সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ৩৬ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে ২ ডিগ্রি বেশী।

আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে স্বাভাবিকের ৩ ডিগ্রি উপরে- ২৮ দশমিক ৫ ডিগ্রী ডিগ্রি সেলসিয়াস।

আবহাওয়া দফতরের এক আধিকারিক জানানেন -

(আবহাওয়া)

০০০০০০০০০০০০০০০০০০০০

মালদহের চাঁচোল আশাপুর রাজ্য সড়কের খরবা স্ট্যান্ড সংলগ্ন এলাকায় ডাক্তার দেখিয়ে বাড়ি ফেরার পথে মর্মান্তিক পথ দুর্ঘটনা। দুর্ঘটনায় মৃত্যু হল নয় মাসের শিশু কন্যার। এই ঘটনায় শোকের ছায়া নেমে এসেছে।

শিশু কন্যার মৃতদেহটি উদ্ধার করে ময়না তদন্তের জন্য মালদা মেডিকেল কলেজ ও হাসপাতালে পাঠিয়েছে পুলিশ। ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গিয়েছে, মৃত শিশু কন্যার নাম আনিসা পারভিন নামে

শিশু কন্যাকে নিয়ে মা সাগরি খাতুন গতকাল চাঁচোল সদরে নিয়ে যান ডাক্তারের কাছে। ফেরার পথে সাইকেল আরোহী এক স্কুল পড়ুয়াকে বাঁচাতে গিয়ে নিয়ন্ত্রণ হারিয়ে অটোটি উল্টে যায়। গুরতর জখম হয় ওই শিশু কন্যাটি। তাকে উদ্ধার করে প্রথমে খরবা হাসপাতালে নিয়ে যাওয়া হলে। পরে চাঁচোল সুপার স্পেশাল্যাটি হাসপাতালে নিয়ে আসা হলে চিকিৎসকেরা মৃত বলে ঘোষণা করে। চাঁচোল থানার পুলিশ জানিয়েছেন অটোটি টিকে আটক করা হয়েছে, চালকের খোঁজ চলছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

গার্ডেনরিচে বহুতল ভাঙার ঘটনায় মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ১৩। এস এস কে এম হাসপাতালে চিকিৎসাধীন, বছর ২৩-এর মৈনুল হকের গতকাল মৃত্যু হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিম বর্ধমানের কুলটিতে ECL-এর খনিতে ডুলি ছিঁড়ে দুই ঠিকা কর্মীর মৃত্যুর ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। সোদপুর এড়িয়ার চিনাকুরী এক নম্বর কোলিয়ারির ২-নম্বর পিটে খনিতে নামার ডুলি সংস্কারের কাজ চলাকালীন এই দুর্ঘটনা ঘটে। দড়ি ছিঁড়ে আকাশ বাউড়ি ও অনিল কুমার যাদব নামে দুই শ্রমিক নীচে পড়ে যান। দু'জনকেই উদ্ধার করে হাসপাতালে নিয়ে যাওয়া হলে মৃত ঘোষণা করা হয়।

এই ঘটনায় গ্রামবাসীরা গতকাল বিক্ষোভ দেখান। শ্রমিকদের নিরাপত্তা নিয়েও ফের প্রশ্ন উঠেছে।

২০১৩ থেকে বন্ধ আছে কোলিয়ারিটি। বেসরকারি সংস্থাকে দিয়ে সংস্কারের কাজ করানো হচ্ছিল। কোনোরকম সুরক্ষা বিধি না মানার কারণেই এই বিপদ ঘটেছে বলে অভিযোগ করেছেন কুলটির বিজেপি বিধায়ক অজয় পোদ্দার। তিনি জানিয়েছেন, পাঁচজন শ্রমিক কাজ করছিলেন, তাঁদের মধ্যে ‘সেফটি বেল্ট’ পরা ছিল মাত্র একজনের। নিহত ঠিকা শ্রমিকদের নিয়ম অনুযায়ী ক্ষতিপূরণ দেওয়া হবে বলে জানিয়েছেন ECL কর্তৃপক্ষ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের ব্যক্তিগত ও বাণিজ্যিক গাড়ির ফিটনেস সার্টিফিকেট পুনর্নবীকরণ এর জন্য কর ছাড় প্রকল্পকে সামনে রেখে রাজ্য সরকার ১৫৬ কোটি টাকা রাজস্ব আয় করেছে। গত ৩১ মার্চ এই প্রকল্পের মেয়াদ শেষ হওয়া পর্যন্ত আড়াই লক্ষের বেশি গাড়ি মালিক এর সুবিধা নিয়েছেন বলে পরিবহন দফতরের তরফে জানানো হয়েছে।

উল্লেখ্য রাজ্যজুড়ে সমস্ত ব্যক্তিগত এবং বাণিজ্যিক গাড়ির পুনর্নবীকরণ না হওয়া সার্টিফিকেট অফ ফিটনেস, বকেয়া কর এবং পারমিটের জন্য ১ জানুয়ারি থেকে বিশেষ কর ছাড় বা ওয়েভার স্কিম চালু করেছিল রাজ্য সরকার। এই প্রকল্পে গত বছর ৩১ ডিসেম্বর পর্যন্ত বকেয়া থাকা কর মেটানোর ক্ষেত্রে বাড়তি সুবিধা দেওয়া হয়। নির্ধারিত বর্ধিত সময়ের মধ্যে বকেয়া মিটিয়ে দিলে জরিমানার ওপরও ছাড়ের সুযোগ ছিল। ৩১ মার্চের মধ্যে সংশ্লিষ্ট দুই খাতের বকেয়া মেটালে গাড়ির মালিককে জরিমানার ৮০ শতাংশ মকুব করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০

২০২৩/২৪ অর্থবর্ষে কলকাতা মেট্রোয় ১৯ কোটি ২৫ লক্ষ যাত্রী যাতায়েত করেছেন। গত বছরের তুলনায় যা ৮ দশমিক ৮/২ শতাংশ বেশী। এর মধ্যে সর্বাধিক ১৭ কোটি ৯৪ লক্ষ যাত্রী ব্যবহার করেছেন দক্ষিণেশ্বর- কবি সুভাষ মেট্রো করিডর।

০০০০০০০০০০০০০০০০০০

আই পি এল ক্রিকেটে আজ হায়দ্রাবাদের এসিএ ভিডিসিএ ক্রিকেট স্টেডিয়ামে কলকাতা নাইটরাইডার্স , দিল্লি ক্যাপিটালস এর বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

কেকেআর প্রথম দুটি ম্যাচে জয় পেয়ে আজ আত্মবিশ্বাস নিয়ে মাঠে নামবে। প্রথম ম্যাচে তারা সানরাইজার্স হায়দ্রাবাদকে ৪ রানে ও দ্বিতীয় ম্যাচে রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরুকে ৭ উইকেটে হারিয়ে দেয়। অন্যদিকে, দিল্লি ক্যাপিটালস তাদের শেষ ম্যাচে চেন্নাই সুপার কিংসের

বিরুদ্ধে ২০ রানে জয়ী হয়। প্রথম ম্যাচে পাঞ্জাব কিংসের কাছে ৪ উইকেটে ও দ্বিতীয় ম্যাচে রাজস্থান রয়্যালস এর কাছে ১২ রানে পরাজিত হয় তারা।

এদিকে আইপিএলের দুটি ম্যাচের দিন পরিবর্তন হয়েছে। ইডেনে কেকেআর ও রাজস্থান রয়্যালসের মধ্যে ম্যাচটি ১৭ ই এপ্রিলের পরিবর্তে হবে ১৬ ই এপ্রিল।

১৭ তারিখ রামনবমী ও ১৯ তারিখ লোকসভার প্রথম দফার ভোটের জন্য পুলিশের একাংশ ব্যস্ত থাকায় কলকাতা পুলিশের তরফে ম্যাচের দিন পরিবর্তনের জন্য সিএবির কাছে অনুরোধ করা হয়। সিএবির তরফে দিন পরিবর্তনের প্রস্তাব বিসিসিআইকে দেওয়া হয়।

অন্যদিকে, আহমেদাবাদের নরেন্দ্র মোদি স্টেডিয়ামে দিল্লি ক্যাপিটালস ও গুজরাট টাইটান্স এর মধ্যে যে ম্যাচটি ১৬ তারিখ হওয়ার কথা ছিলো, তা ১৭ তারিখ হবে।

০০০০০০০০০০০০০০০০০০০

চলতি কন্যাশ্রী কাপ ফুটবলে দীপ্তি সংঘ ও জি সি রায় মেমোরিয়াল এর মধ্যে খেলায় অশান্তি ও মারামারির অভিযোগে জি সি রায় মেমোরিয়াল দলকে এক বছরের জন্য সাসপেন্ড করা হয়েছে। এই দলের কোচ অরুণ ঘোষ ও টেকনিক্যাল ডিরেক্টর দিবাকর বসু কে পাঁচ বছরের জন্য সাসপেন্ড করা হয়েছে। অপর দিকে দীপ্তি সংঘ এর কোচ পার্থ ঘোষকে মাঠে উত্তেজনা সৃষ্টি এবং রেফারিকে অশ্রাব্য ভাষা প্রয়োগের জন্য দু বছরের জন্য সাসপেন্ড করা হয়েছে।

এদিকে কলকাতা লিগে প্রিমিয়ার ডিভিশন এ টালিগঞ্জ অগ্রগামী ক্লাব ও ওয়ারী ক্লাবের বিরুদ্ধে ম্যাচ ফিক্সিং এর অভিযোগ ইতিমধ্যেই আইএফএ

কলকাতা পুলিশ কে জানিয়েছে। তাদের তরফ থেকে কিছু না জানানো পর্যন্ত এই দুটি দল কে সাসপেন্ড করা হয়েছে।

অভিযুক্ত ওয়ারির কোচ মিকি ফার্নান্দেজ এবং টলিগঞ্জ অগ্রগামীর ফুটবলার শুভদীপ গুন্ কেও পুলিশি তদন্তের রিপোর্ট না আসা পর্যন্ত সাসপেন্ড করা হয়েছে। প্রিমিয়ার ডিভিশন লিগে কোচের নির্ধারিত যোগ্যতামান না থাকা সত্ত্বেও কোচ নিয়োগের জন্য খিদিরপুর ক্লাব কে পঞ্চাশ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

গতকাল আইএফএ অফিসে শৃঙ্খলা রক্ষা কমিটির বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়। বৈঠকে কমিটির সদস্যরা ছাড়াও আইএফএ সভাপতি অজিত বন্দোপাধ্যায়, সচিব অনিবার্ণ দত্ত প্রমুখ উপস্থিত ছিলেন।

oooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooo